# উপজেলা পরিষদ কার্যালয়
# বোরহানউদ্দিন, ভোলা।

## বোরহানউদ্দিন উপজেলা পরিষদের এপ্রিল-২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : আবুল কালাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা ।
স্থান : সম্প্রসারিত উপজেলা পরিষদ কমপ্লেক্স এর সম্মেলন কক্ষ (৪র্থ তলা), বোরহানউদ্দিন, ভোলা।
তারিখ : ১৩ এপ্রিল, ২০২২ খ্রি. রোজ: বুধবার, সময়: সকাল ১১:৩০ ঘটিকা।

**উপস্থিত সদস্যগণের হাজিরা আলাদা রেজিস্টারে লিপিবদ্ধ আছে**

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় উপস্থিত ভোলা-২ আসনের মাননীয় সংসদ সদস্য ও উপজেলা পরিষদ মাসিক সভার উপদেষ্টা জনাব আলী আজম মুকুল মহোদয়ের সানুগ্রহ অনুমতিক্রমে সভার কার্যক্রম আরম্ভ করা হয়। অতঃপর বিগত সভার মন্তব্য পাঠ করে শুনানো হলে কোনো সংশোধনী বা আপত্তি না থাকায় উহা সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। পরবর্তীতে উপজেলার বিভিন্ন বিভাগের কর্মকন্ড নিয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র: নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | **উপজেলা কৃষি বিভাগ**<br>উপজেলা কৃষি কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, দাপ্তরিক অন্যান্য কর্মকান্ড স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার |
| ২ | **জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর**<br>উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সভায় জানান, 'সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ' শীর্ষক প্রকল্পের আওতায় ২০২১-২২ অর্থবছরে ২৩৪টি গভীর নলকূপ এবং ১৮টি কমিউনিটি বেইজড পানি সরবরাহ ইউনিট স্থাপন কাজ চলমান রয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে। | (ক) নলকূপ স্থাপন কাজের গুণগতমান সঠিক রাখতে হবে;<br>(খ) নলপূক বোরিং কার্যক্রম নিয়মিত তদারকি করতে হবে। | উপ সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| ৩ | **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ**<br>আবাসিক মেডিকেল অফিসার ডা. মুহাম্মদ ইমরান সভায় জানান, ইনডোর, আইটডোর, ইমারজেন্সি স্বাস্থ্যসেবা চলমান রয়েছে। এ পর্যন্ত বোরহানউদ্দিন উপজেলায় ২০৭৬৫৩ জনকে কোভিড-১৯ টিকার ১ম ডোজ (৭৪.০৩%) এবং ১৫৩৭৯৮ জনকে কোভিড-১৯ টিকার ২য় ডোজ (৫৪.৮৪%) প্রদান করা হয়েছে। টিকা কার্যক্রম অব্যাহত রয়েছে।<br><br>মাননীয় সংসদ সদস্য সভায় জানান, তৃণমূল পর্যায়ে কমিউনিটি ক্লিনিকের সেবামান বৃদ্ধি করতে হবে। কমিউনিটি ক্লিনিকসমূহে CHCP এর উপস্থিত শতভাগ নিশ্চিত করতে হবে। | (ক) টিকা কার্যক্রম অব্যাহত রাখতে হবে;<br>(খ) কমিউনিটি ক্লিনিকসমূহে সেবারমান শতভাগ নিশ্চিত করতে হবে;<br>(গ) তৃণমূল পর্যায় বাদপড়া জনগোষ্ঠীকে করোনা ভ্যাকসিন গ্রহণের জন্য উদ্বুদ্ধকরতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ৪ | **উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, আইজি প্রশিক্ষণ জানুয়ারি-২০২২ হতে মার্চ ২০২২ পর্যন্ত ব্যাচের প্রশিক্ষণ সমাপ্তি হয়েছে এবং এপ্রিল-২০২২ হতে জুন ২০২২ ব্যাচে দুটি ব্যাচের কার্যক্রম একত্রে শুরু হবে। কারণ কোভিড চলাকালীন সময়ে একটি ব্যাচ কম হওয়ায়। মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত ভিজিডি কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। মাতৃত্বকালীন ও ল্যাকটেটিং ভাতা কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে এবং দপ্তরের আরো অন্য কার্যক্রমের মধ্যে কিশোর কিশোরী | ক. নিয়মিত প্রশিক্ষণ কার্যক্রম তদারকি করতে হবে;<br>খ. ভিজিডি চাল বিতরণ, মাতৃত্বকালীন ও ল্যাকটেটিং ভাতা যথাসময়ে বিতরণ নিশ্চিত করতে হবে;<br>গ. দাপ্তরিক অন্যান্য কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |

| ক্র: নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | ক্লাবগুলো অত্র এলাকার সকলের সহযোগিতায় ভালোভাবে চলমান আছে। | | |
| ৫ | **উপজেলা মৎস্য দপ্তর**<br>সিনিয়র উপজেলা মৎস্য অফিসার সভায় জানান যে, 'ইলিশ অভয়াশ্রম' এ তেতুলিয়া ও মেঘনা নদীতে অভিযান অব্যাহত আছে। ১২ এপ্রিল ২০২২ তারিখ মেঘনা নদীতে মোবাইল কোর্ট পরিচালনাকালে ১৪ জন আসামীকে বিভিন্ন মেয়াদে কারাদন্ড এবং ৩৬০০০ টাকা অর্থদণ্ড প্রদান করা হয়। ইলিশ সম্পদ রক্ষর্থে এ অভিযান অব্যাহত থাকবে। মৎস্য ভিজিএফ চাল বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। যে সকল ইউনিয়নে এখন পর্যন্ত মৎস্য ভিজিএফ চাল বিতরণ করেননি সে সকল ইউনিয়নের সত্বর চাল বিতরণের জন্য অনুরোধ করেন। | (ক) তেতুলিয়া ও মেঘনা নদীতে ইলিশ সম্পদ রক্ষার্থে অভিযান অব্যাহত থাকবে;<br>(খ) মৎস্য ভিজিএফ চাল বিতরণে তদারকি জোড়দার করতে হবে;<br>(গ) মৎস্য আইন লঙ্ঘনকারীদের বিরুদ্ধে নিয়মিত মামলা করতে হবে। | ১. উপজেলা নির্বাহী অফিসার<br>২. সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা<br>৩. অফিসার ইনচার্জ, বোরহানউদ্দিন থানা<br>৪. ইউপি চেয়ারম্যান (সকল) |
| ৬ | **উপজেলা পল্লী উন্নয়ন**<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলছে। গত মাসে কোভিড-১৯ প্রণোদনার ৪০ জন সদস্যকে ৪৩,০০,০০০/- (তেতাল্লিশ লক্ষ) টাকা ঋণ বিতরণ করা হয়েছে এবং অন্যান্য প্রকল্প/কর্মসূচির ৩টি দলের ৩০ জন সদস্যকে ১০,৫০,০০০/- (দশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ঋণ বিতরণ করা হয়েছে। | দারিদ্র্য বিমোচনে উৎপাদনমুখী প্রকল্পে ঋণ বিতরণ এবং খেলাপী ঋণ আদায়ে সার্টিফিকেট মামলা দায়ের করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেল পল্লী উন্নয়ন কর্মকর্তা<br>২. ইউপি চেয়ারম্যান (সকল) |
| ৭ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান, ৭ মার্চের ঐতিহাসিক ভাষণ, ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী, ২৫ মার্চ গণহত্যাদিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২ প্রতিষ্ঠান পর্যায়ে যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন করা হয়েছে। শিক্ষার্থীদের ইউনিক আইডির তথ্য এন্ট্রি, মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক এবং ডিগ্রি স্তরে উপবৃত্তির আবেদন অনলাইনে প্রদান কার্যক্রম চলমান রয়েছে। স্কুল, মাদ্রাসায় NTRCA এর বাছাইকৃত ও সুপারিশকৃত শিক্ষকদের নিয়োগ যোগদান ও এমপিও এর আবেদন প্রেরণ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম চলমান। | (ক) NTRCA এর মাধ্যমে নিয়োগকৃত শিক্ষকদের MPO প্রদান স্বচ্ছতা এবং দ্রুত সময়ের মধ্য সম্পাদন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়;<br>(খ) বিদ্যালয় পর্যায় মনিটরিং কার্যক্রম বাড়াতে হবে বিশেষ করে কোভিড পরবর্তী সময়ে শিক্ষার্থীদের উপস্থিতি এবং ক্লাস পরিচালনা নিশ্চিত করতে হবে। | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>২. প্রধান শিক্ষক/ সুপার (সকল) |
| ৮ | **প্রাথমিক শিক্ষা বিভাগ**<br>প্রাথমিক শিক্ষা অফিসার জানান যে, বিদ্যালয়ে যথা নিয়মে শ্রেণি কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | দাপ্তরিক কাজের অগ্রগতি অব্যাহত রাখতে হবে। | ১. উপজেলা শিক্ষা অফিসার<br>২. প্রধান শিক্ষক (সকল) |
| ৯ | **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ**<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, সাচড়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে একটি গভীর নলকূপ স্থাপনের জন্য সভায় উপস্থিত ভোলা-২ আসনের মাননীয় সংসদ সদস্য মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন করেন। পরিবার পরিকল্পনা বিভাগের কর্মীদের ট্যাব সরবরাহ করা হয়েছে। এখন হতে কর্মীরা কাগজের রেজিস্টারের পরিবর্তে তার কর্ম এলাকার লোকসংখ্যা, সক্ষম দম্পত্তিদের তালিকা এবং তাদের দেয়া সেবা ট্যাবের মাধ্যমে সংরক্ষণ করবেন। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | (ক) মাঠ পর্যায়ে নিয়োজিত পরিবার কল্যাণ সহকারীদের কার্যক্রম নিয়মিত তদারকি করতে হবে;<br>(খ) নির্ধারিত কর্ম এলাকায় লোকসংখ্যা এবং সক্ষম দম্পত্তিদরে তালিকা ট্যাবের মাধ্যমে নিয়মিত হালনাগাদ করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |

| ক্র: নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১০ | **উপজেলা সমাজসেবা দপ্তর:** উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, ভাতা জি টু পি এর মাধ্যমে ২০২১-২০২২ অর্থবছরে ৩য় কিস্তির ভাতা মোবাইল ফাইনান্সিয়াল সার্ভিস নগদের মাধ্যমে পরিশোধের নিমিত্ত পে-রোল প্রদান করা হচ্ছে। তিনি আরও জানান, 'উষা বাংলাদেশের যৌথ উদ্যোগে তিন মাসব্যাপী 'ম্যাশনারি ও রড বাইন্ডিং' এর প্রশিক্ষণ চলমান। এ ছাড়াও দাপ্তরিক স্বাভাবিক কার্যক্রম চলমান রয়েছে। | (ক) যথাসময়ে সামাজিক বেষ্টনীর আওতায় সকল উপকারভোগীর ভাতা প্রদান নিশ্চিত করতে হবে;<br>(খ) ইলেকট্রনিক মাধ্যমে ভাতা প্রাপ্তিতে কোনো উপকারভোগীর সমস্যা হল তা লিপিবদ্ধ করে সমাধানের উদ্যোগ নিতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ১১ | **উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর:** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, দাপ্তরিক কার্যক্রম সন্তোষজনকভাবে পরিচালিত হচ্ছে। মার্চ ২০২২ মাসে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের মাধ্যমে হাস-মুরগী পালন বিষয়ে ৩০ জন এবং গরু মোটাতাজাকরণ বিষয়ে ৩০ জনসহ মোট ৬০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ২০ জনকে ৮,৭০,০০০/- (আট লক্ষ সত্তর হাজার) টাকা ঋণ বিতরণ করা হয়েছে। তাছাড়া ২১ মার্চ ২০২২ তারিখ সন্ত্রাস, মাদক ও জঙ্গিবাদ বিরোধী শীর্ষক জনসচেতনামূলক একটি সভা করা হয়। সেখানে স্থানীয় জনপ্রতিনিধি, উদ্যোক্তা, আত্মকর্মী, প্রশিক্ষণার্থীসহ মোট ৩০ জন অংশগ্রহণ করেন। | ক. আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে যুব-যুবতীদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষিত করতে হবে;<br>খ. ঋণ আদায়ে সর্বোচ্চ আন্তরিক হতে হবে;<br>গ. ঋণ প্রদানের ক্ষেত্রে প্রকৃত কর্মে আগ্রহী যুবক-যুবতীদের চহ্নিত করে ঋণ প্রদান করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১২ | **উপজেলা সমবায় বিভাগ** উপজেলা সমবায় কর্মকর্তা জানান, প্রাথমিক ২৪২টি সমবায় সমিতির লক্ষ্যমাত্রা অনুযায়ী বার্ষিক অডিট সম্পন্ন করা হয়েছে এবং অডিট ফি বাবদ ৮৫,০০০/- (পঁচাশি হাজার) টাকা ও সিডিএফ বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা আদায় করে নন-ট্যাক্স রেভিনিউ হিসাবে সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়। পদ্মামনসা আশ্রয়ণ ফেইজ-২ ও ফুলকাচিয়া আশ্রয়ণ ফেইজ-২ প্রকল্পে দশ লক্ষ টাকা ঋণ কার্যক্রম প্রদান করা হয়েছে এবং লক্ষ্যমাত্রা অনুযায়ী ১০০% আদায় ও জমা প্রদান করা হয়। দপ্তরের অন্যান্য কাজ স্বভাবিকভাবে চলছে। | (ক) সমবায় সমিতিসমূহ নিয়মিতভাবে অডিট করা হয় কিনা তা তদারকি করতে হবে;<br>(খ) গুচ্ছগ্রামসমূহে উপকারভোগীদের নিকট ঋণ প্রদানের উদ্যোগ গ্রহণ করতে হবে;<br>(গ) ঋণ প্রদান কার্যক্রমের আদায় জোড়দার করতে হবে। | উপজেলা সমবায় অফিসার |
| ১৩ | **স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর** উপজেলা উপজেলা নির্বাহী অফিসার বলেন, এডিপি সংক্রান্ত সকল কাজ আগামী ৩১ মে ২০২২ তারিখের মধ্যে চূড়ান্ত করতে হবে যাতে জুনের দ্বিতীয় সপ্তাহের মধ্যে বিল প্রদান শেষ করা যায়। উপজেলা প্রকৌশলী জানান, তার দপ্তরের স্বাভাবিক কার্যক্রম চলমান রয়েছে।<br>তিনি আরও জানান, গত ১৬ আগস্ট ২০২১ খ্রি. তারিখ স্থানীয় সরকার বিভাগ এর উপজেলা-২ শাখা হতে ৪৬.০০.০০০০.০৪৫.২০.০০৪. ২১-৪৫৪নং স্মারকে ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে করোনা ভাইরাসের (কোভিড-১৯) বিস্তাররোধকল্পে বোরহানউদ্দিন উপজেলার অনুকূলে ৫.২৬ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। ১ম ধাপে কোটেশন বিজ্ঞপ্তির মাধ্যমে ৩,৪৮,০০০/- (তিন লক্ষ আটচল্লিশ হাজার) টাকায় থার্মাল স্ক্যানার, | ক. উপজেলা প্রকৌশল বিভাগের স্বাভাবিক কাজের ধারা অব্যাহত রাখতে হবে;<br>খ. মুজিব শতবর্ষ উপলক্ষ্যে নির্মিতব্য গৃহের কাজ নিয়মিত পরিদর্শন করতে হবে;<br>গ. স্থানীয় সরকার বিভাগ হতে করোনা বিস্তাররোধকল্পে বরাদ্দের ২৪,৫০০/- (চব্বিশ হাজার পাঁচশত) টাকার সাবান, হ্যান্ড স্যানিটাইজার ও মাস্ক ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী (এলজিইডি) |

| ক্র: নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | অ্যান্টিসেপটিক সাবান, হ্যান্ড স্যানিটাইজার এবং মাস্ক ক্রয় করা হয়েছে। ২য় ধাপে কোটেশন বিজ্ঞপ্তির মাধ্যমে ১,৫৩,৫০০/- (এক লক্ষ তেপ্পান্ন হাজার পাঁচশত) টাকায় ৫টি অক্সিজেন সিলিন্ডার, ৩০টি পালস অক্সিমিটার, ২০০ মিলিলিটার হ্যান্ড স্যানিটাইজার ৬০টি এবং ১৫০ বক্স ফেস মাস্ক ক্রয় করা হয়েছে। অবশিষ্ট ২৪,৫০০/- (চব্বিশ হাজার পাঁচশত) টাকা ক্যাশ পারচেজ করা যায়। বরাদ্দপত্রের নির্দেশনা মোতাবেক বিভিন্ন সরকারি দপ্তরে বিতরণের জন্য অবশিষ্ট ২৪,৫০০/- (চব্বিশ হাজার পাঁচশত) টাকার সাবান, হ্যান্ড স্যানিটাইজার ও মাস্ক ক্রয় করা যেতে পারে। | | |
| ১৪ | **উপজেলা দুর্যোগ ব্যবস্থাপন বিভাগ**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২২ অর্থবছরে ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে ৯৩৮৩ জন উপকারভোগীর অনুকূলে ১০ কেজি হারে ৯৩.৮৩০ মেট্রিক টন ভিজিএফ চাল বরাদ্দ পাওয়া গিয়েছে। ইউনিয়ন পরিষদের অনুকূলে বিভাজন করে পত্র প্রেরণ করা হয়েছে। তিনি দ্রুত সময়ের মধ্যে উপকারভোগীদের তালিকা দাখিল করার জন্য চেয়ারম্যানগণের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>২০২১-২০২২ অর্থবছরের ২য় পর্যায়ে কাবিখা কর্মসূচির আওতায় ১৮.৩৯০৬ মেট্রিক টন চাল এবং ১৩৮০৭২৯.৪৮ নগদ টাকার বরাদ্দ পাওয়া গিয়েছে। কাবিখা নীতিমালা অনুযায়ী ৩.০০ মেট্রিক টনের কম এবং ১,০০,০০০/- নগদ টাকার কম অর্থ দ্বারা প্রকল্প বাস্তবায়ন করা যাবে না।<br>তিনি সভায় আরও জানান, মুজিববর্ষে উপলক্ষ্যে ৩য় পর্যায়ে বরাদ্দপ্রাপ্ত গৃহ নির্মাণের কাজ চলমান রয়েছে। | ক. ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে বরাদ্দ প্রাপ্ত বিশেষ ভিজিএফ চাল ঈদের পূর্বেই বিতরণ নিশ্চিত করতে হবে;<br>খ. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ের কাজের ধারাবাহিকতা এবং উন্নয়ন কাজের গুণগতমান অক্ষুণ্ন রাখতে হবে;<br>গ. সকল টেন্ডার কার্যক্রম জুন ২০২২ এর পূর্বে শেষ করতে হবে;<br>ঘ. মুজিববর্ষ উপলক্ষ্যে ৩য় পর্যায়ে নির্মিতব্য গৃহের কাজ নিয়মিত পরিদর্শন করতে হবে;<br>ঙ. নদীভাঙ্গন কবলিত জনসাধারণকে অর্থ প্রদানের কার্যক্রম অতিসত্ত্বর শুরু করতে হবে। | ১. উপজেলা নির্বাহী অফিসার<br>২. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>৩. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক<br>৪. ইউপি চেয়ারম্যান (সকল) |
| ১৫ | **উপজেলা ভূমি অফিস**<br>মাননীয় সংসদ সদস্য, ভোলা-২ মহোদয় সভায় জানান যে, মুজিব শতবর্ষ উপলক্ষ্যে ১ম ও ২য় পর্যায়ে নির্মিত ৪৪টি ঘর সরেজমিন পরিদর্শন করা হয়েছে। ঘর নির্মাণ কাজ ও গুনগত মান অক্ষুণ্ন রাখা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর এই মহান উদ্যোগটি মাঠ পর্যায়ে যারা সফল বাস্তবায়ন করছেন তাদের প্রত্যেকের প্রতি তিনি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। উপজেলা নির্বাহী অফিসার অক্লান্ত পরিশ্রম করে সঠিক উপকারভোগী নির্বাচন করে তাদের নিকট মাননীয় প্রধানমন্ত্রীর উপহার মুজিববর্ষের ঘর হস্তান্তর করেছেন এ অসাধারণ কর্মকান্ডের জন্য তিনি উপজেলা নির্বাহী অফিসারকে ধন্যবাদ জ্ঞাপন করেন।<br><br>উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি) বলেন যে, মুজিববর্ষ উপলক্ষ্যে ৩য় পর্যায়ে সাচড়া, কুতুবা, ফুলকাচিয়া মৌজায় গৃহ নির্মাণের কার্যক্রম চলমান রয়েছে। আগামী মাসে সুবিধাভোগী নির্বাচন করা হবে। তিনি প্রকৃত উপকারভোগী নির্বাচনে সকলের আন্তরিক সহযোগিতা কামনা | ক. মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের আশ্রয়ণ-২ প্রকল্পের আওতায় ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য নির্মিত ঘর সমূহের গুণগতমান শতভাগ বজায় রাখতে হবে;<br>খ. উপকারভোগী নির্বাচনের ক্ষেত্রে সর্বোচ্চ সতর্কতা ও অধিকতর যাচাই-বাছাই করতে হবে;<br>গ. নামজারী কার্যক্রম জোড়দার করতে হবে;<br>ঘ. ভূমি উন্নয়ন কর আদায়ের লক্ষ্যমাত্রা অর্জন করার লক্ষ্যে কার্যক্রম জোড়দার করতে হবে। | ১. উপজেলা নির্বাহী অফিসার<br>২. সহকারী কমিশনার (ভূমি)<br>৩. উপজেলা প্রকৌশলী<br>৪. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>৫. চেয়ারম্যান (ইউপি সকল) |

| ক্র: নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | করেন। | | |
| ১৬ | **পল্লী সঞ্চয় ব্যাংক**<br>সমন্বয়কারী, আবাআখা প্রকল্প সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | খেলাপী ঋণ আদায়ে মাঠকর্মীদের জোর তাগিদ প্রদান করতে হবে। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |
| ১৭ | **প্রাণিসম্পদ অধিদপ্তর**<br>প্রাণিসম্পদ কর্মকর্তা জানান, দাপ্তরি সমস্ত কার্যক্রম স্বাভাবিক ও সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | বিভিন্ন রোগ প্রতিরোধে নিয়মিত টিকা প্রদান কার্যক্রম যথাযথভাবে তদারকী করার জন্য অনুরোধ জানান। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ১৮ | **ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি (ওজোপাডিকো) লিমিটেড**<br>ওজোপাডিকো লিমিটেড এর আবাসিক প্রকৌশলী বলেন, বিদ্যুৎ লাইনের আশে পাশের গাছ কর্তন নিয়ে সমস্যার সৃষ্টি হয়। দক্ষ এবং কারিগরি জনবল না থাকায় বিদ্যুৎ সেবা প্রদানে কিছুটা ব্যহত হচ্ছে। তবে গ্রাহকদের সেবার মান বৃদ্ধির লক্ষ্যে ওজোপাডিকো, বোরহানউদ্দিন বদ্ধ পরিকর। তিনি আরও জানান সরকারি ভবনে বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে। সরকারি ভবনের বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | ক. বন বিভাগের সাথে সমন্বয়ের মাধ্যমে বৈদ্যুতিক লাইনের নিকটবর্তী গাছের ডাল-পালা কর্তন করতে হবে;<br>খ. নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে হবে;<br>গ. সরকারি দপ্তরের বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করতে হবে। | ১. উপজেলা নির্বাহী অফিসার<br>২. আবাসিক প্রকৌশলী, ওজোপাডিকো লি.<br>৩. উপজেলা বন কর্মকর্তা |
| ১৯ | **উপজেলা খাদ্য বিভাগ**<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, বোরহানউদ্দিন পৌরসভায় ৪টি পয়েন্টে ওএমএস এর মাধ্যমে চাল ও আটা বিক্রয় চলমান আছে। উপজেলার সকল ইউনিয়নে ২০টি পয়েন্টে খাদ্য বান্ধব কর্মসূচির আওতায় ১০ টাকা কেজি মূল্যে কার্ডের মাধ্যমে চাল বিতরণ চলমান রয়েছে। বোরো ধান সংগ্রহ ২০২২ এর প্রচার/প্রচারণা মার্চ মাসে শুরু হয়েছে। সেই সাথে 'কৃষকের অ্যাপসে' কৃষকের অবেদন চলমান আছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | ক. খাদ্য বান্ধব কর্মসূচির ১০ টাকা মূল্যের চাল শুধুমাত্র কার্ডধারীদের তালিকা যাচাই-বাছাইপূর্বক চাল বিক্রয় করতে হবে;<br>খ. চাল বিক্রয়ে ডিলারদের কোনো অনিয়ম পরিলক্ষিত হলে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে;<br>গ. বোরো ধান সংগ্রহের জন্য কৃষকদের মধ্যে প্রচার/প্রচারণা অব্যাহত রাখতে হবে। | ১. উপজেলা নির্বাহী অফিসার<br>২. উপজেলা কৃষি অফিসার<br>৩. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ২০ | **উপজেলা আনসার ও ভিডিপি অফিস**<br>উপজেলা আনসার ও ভিডিপি অফিসার জানান যে, তার কার্যালয়ের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছ। | উপজেলা পরিষদের পরিত্যাক্ত ভবনসমূহ নিলামের মাধ্যমে অপসারিত হলে আনসার ব্যারাক নির্মাণের জায়গা নির্বাচন করা হবে। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার |
| ২১ | **বিবিধ**<br>(ক) উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের মার্চ ২০২২ মাসের সম্মানিভাতা এবং ভ্রমন বিল সভায় অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | (ক) উপজেলা পরিষদের চেয়ারম্যানের সম্মানি ও বাড়ি ভাড়া বাবদ ৪৫,০০০/- টাকা এবং ভাইস চেয়ারম্যানের ২৭,০০০/- টাকা, মহিলা ভাইস চেয়ারম্যানের ২৭,০০০/- টাকা হারে মার্চ-২০২২ মাসের সম্মানিভাতা বাবদ মোট ৯৯,০০০/- (নিরানব্বই হাজার) টাকা এবং উপজেলা পরিষদের চেয়ারম্যানের ১১,২৫০/- টাকা, ভাইস চেয়ারম্যানের ১০,০০০/- টাকা এবং মহিলা ভাইস চেয়ারম্যানের ১০,০০০/- টাকা হারে মার্চ-২০২২ মাসের ভ্রমণ ভাতা বাবদ মোট ৩১,২৫০/- (একত্রিশ হাজার দুই শত পঞ্চাশ) টাকাসহ সর্বমোট =১,৩০,২৫০/- (এক লক্ষ ত্রিশ হাজার দুই শত পঞ্চাশ) টাকা সভায় অনুমোদিত সাপেক্ষে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২. উপজেলা নির্বাহী অফিসার<br>৩. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>৪. মহিলা ভাইস চেয়ারম্যান<br>৫. সংশ্লিষ্ট দপ্তর প্রধান (সকল) |

| ক্র: নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | (খ) উপজেলা নির্বাহী অফিসারের বাসবভনে সার্বিক নিরাপত্তায় নিয়োজিত ১০ জন আনসার সদস্যদের এপ্রিল/২০২২ এর জ্বালানী খরচ বাবদ ৩টি গ্যাস সিলিন্ডার ক্রয় (২×১২৫০)= ২,৫০০/- এবং একটি গ্যাসের চুলা ক্রয় বাবদ ৪,৫২৫/- টাকাসহ মোট ৭,০২৫/- (সাত হাজার পঁচিশ) টাকার বিল অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | (খ) উপজেলা নির্বাহী অফিসারের বাসবভনে সার্বিক নিরাপত্তায় নিয়োজিত ১০ জন আনসার সদস্যদের এপ্রিল/২০২২ এর জ্বালানী খরচ বাবদ ৩টি গ্যাস সিলিন্ডার ক্রয় (২×১২৫০)= ২,৫০০/- এবং একটি গ্যাসের চুলা ক্রয় বাবদ ৪,৫২৫/- টাকাসহ মোট ৭,০২৫/- (সাত হাজার পঁচিশ) টাকার বিল অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | |
| | (গ) উপজেলা পরিষদ কার্যালয় ও উপজেলা নির্বাহী অফিসে দাপ্তরিক কাজের জন্য ৭টি লেজার প্রিন্টারের কার্টিজ ক্রয় বাবদ (১২০০×৬)=৭,২০০/- টাকা এক টেরাবাইট একটি হার্ড ডিস্ক ক্রয় বাবদ ৩,৮০০/- এবং উপজেলা পরিষদের ডেস্কটপ কম্পিউটারের জন্য ৪ জিবি ডিডিআর-৩ র‍্যাম ক্রয় বাবদ ১,৬০০/- টাকাসহ সর্বমোট (৭২০০+৩৮০০+১৬০০)=১২,৬০০/-(বারো হাজার ছয়শত) টাকা ব্যয় করা হয়েছে। ব্যয় ভাইচার অনুমোদনসহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অফিস সরঞ্জমাদি রক্ষণাবেক্ষণ/ মেরামত খাত হতে বিল প্রদানের জন্য সভায় প্রস্তাব উপস্থাপন করা হয়।<br>(ঘ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের সহকারীদের ৪টি চেয়ার ও টেবিল বার্নিশ এবং ১টি টেবিলের জন্য ১০ মিলি গ্লাস ক্রয় বাবদ ১০,৫০০/- (দশ হাজার পাঁচশত) টাকা ব্যয় হয়। উক্ত ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আসবাবপত্র মেরামত খাত হতে প্রদানের জন্য সভায় বিল ভাউচার উপস্থাপন করা হয়। | (গ) উপজেলা পরিষদ কার্যালয় ও উপজেলা নির্বাহী অফিসে দাপ্তরিক কাজের জন্য ৭টি লেজার প্রিন্টারের কার্টিজ ক্রয় বাবদ (১২০০×৬)=৭,২০০/- টাকা এক টেরাবাইট একটি হার্ড ডিস্ক ক্রয় বাবদ ৩,৮০০/- এবং উপজেলা পরিষদের ডেস্কটপ কম্পিউটারের জন্য ৪ জিবি ডিডিআর-৩ র‍্যাম ক্রয় বাবদ ১,৬০০/- টাকাসহ সর্বমোট (৭২০০+৩৮০০+১৬০০) =১২,৬০০/- (বারো হাজার ছয়শত) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অফিস সরঞ্জমাদি রক্ষণাবেক্ষণ/ মেরামত খাত হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঘ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের সহকারীদের ৪টি চেয়ার ও টেবিল বার্নিশ এবং ১টি টেবিলের জন্য ১০ মিলি গ্লাস ক্রয় বাবদ ১০,৫০০/- (দশ হাজার পাঁচশত) টাকার ব্যয় বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আসবাবপত্র মেরামত খাত হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | (ঙ) সহকারী প্রোগ্রামা, আইসিটি অধিদপ্তর সভায় জানান, উপজেলা পরিষদে সার্বিক নিরাপত্তার জন্য স্থাপিত ১৫টি সিসি ক্যামেরার মধ্যে ৪টি ক্যামেরা নষ্ট হয়ে গেছে। এছাড়া ডাটা সরক্ষণের জন্য যে পরিমাণ হার্ড ডিস্ক ব্যবহৃত হচ্ছে তা প্রয়োজনের তুলনায় কম। হার্ড ডিস্ক এ স্পেস কম হওয়ার কারণে ১৫ দিনের অধিক সময় ডাটা সংরক্ষণ করা সম্ভব হচ্ছে না। ফলে কোনো ধরণের দুর্ঘটনা ঘটলে তা বিশ্লেষণ করে নির্ধারণ করা প্রায় অসম্ভব হবে। সে লক্ষ্যে ৫টি চার মেগাপিক্সেলের সিসি ক্যামেরা ক্রয় বাবদ (৪৫০০×৫)= ১৮,০০০/- টাকা, ৪ টেরাবাইট একটি হার্ডডিস্ক ক্রয় বাবদ ৬,৮০০/-টাকা এবং শ্রমিক মুজরি বাবদ ১,৫০০/- টাকাসহ সর্বমোট (১৮,০০০+ ৬৮০০+১৫০০)=২৬,৩০০/- (ছাব্বিশ হাজার তিনশত) টাকায় ব্যয় করা হয়েছে। উক্ত ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয় খাত হতে প্রদানের জন্য সভায় বিল ভাউচার উপস্থাপন করা হয়। | (ঙ) ৫টি চার মেগাপিক্সেলের সিসি ক্যামেরা ক্রয় বাবদ (৪৫০০×৪)= ১৮,০০০/- টাকা, ৪ টেরাবাইট একটি হার্ডডিস্ক ক্রয় বাবদ ৬,৮০০/- টাকা এবং শ্রমিক মুজরি বাবদ ১,৫০০/- টাকাসহ সর্বমোট(১৮,০০০+৬৮০০+১৫০০)=২৬,৩০০/- (ছাব্বিশ হাজার তিনশত) টাকায় উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয় খাত ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আবুল কালাম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বোরহানউদ্দিন, ভোলা।

স্মারক নং-০৫.১০.০৯২১.০০০.৯৯.০০২.২২/**২২৭**

তারিখ: ০৪ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ
১৭ এপ্রিল ২০২২ খ্রিস্টাব্দ

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:**

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য ভোলা-২।
২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. জেলা প্রশাসক, ভোলা।
৪. উপপরিচালক, স্থানীয় সরকার, ভোলা।
৫. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ভোলা।

**সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা।
৭. মেয়র, বোরহানউদ্দিন পৌরসভা, ভোলা।
৮. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা ।
৯. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা।
১০. উপজেলা ........................................ কর্মকর্তা (সকল), বোরহানউদ্দিন, ভোলা।
১১. চেয়ারম্যান ........................................ ইউনিয়ন পরিষদ (সকল), বোরহানউদ্দিন, ভোলা।
১২. জনাব ........................................ সদস্য উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা।
১৩. সংরক্ষণ নথি।

১৩/০৪/2022

মো. সাইফুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
বোরহানউদ্দিন, ভোলা।
মোবাইল: ০১৩০৫-৫২৫১৫৬
ইমেইল: unoborhanuddin@gmail.com